# 37055 - ইহরাম করার কিছু সময় পর শর্ত করা সঠিক নয়

প্রশ্ন

আমি ইহরাম করার সময়

إن حبسني حابس فمحلي حيث حبستني

(যদি কোনো প্রতিবন্ধকতা আমাকে আটকায় তাহলে আমি সেখানেই হালাল হয়ে যাব) বলে শর্ত করতে ভুলে গেছি। মক্কায় প্রবেশ করার পর আমার মনে হয়েছে এবং আমি এটি বলেছি। এমতাবস্থায় আমার এই শর্তকরণটি সঠিক কিনা?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এটি সঠিক নয়। কারণ শর্ত করতে হবে ইহরাম করার সময়; ইহরাম করার পরে নয়।

শাইখ বিন বায (রহঃ) কে ইহরামের কিছু সময় পরে শর্ত করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন: তিনি এভাবে করতে পারবেন না। শর্তটি বলতে হবে ইহরাম সংঘটনকালে। ইহরাম সংঘটন দ্বারা উদ্দেশ্য হচ্ছে: মনে মনে ইহরামে প্রবেশের নিয়ত করা।[সমাপ্ত][ফাতাওয়া বিন বায (১৭/৭৩)]